গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা, ১২০৯
www.pmeat.gov.bd

নং-৩৭.২৪.০০০০.০৩.০৯৮.০০৪.২১-১১৫

তারিখ: ২৭ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
১১ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয়: দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক এককালীন আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে ২০২২-২৩ অর্থবছরে (জুলাই-আগস্ট) প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই সংক্রান্ত কমিটির সভার সুপারিশ সম্বলিত কার্যবিবরণী।**

সভাপতি : কাজী দেলোয়ার হোসেন, পরিচালক (যুগ্মসচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
সভার তারিখ : ১১/০৮/২০২২ খ্রি:
সময় : সকাল ১০.৩০ টা।
স্থান : সভা কক্ষ, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।

**উপস্থিতি পরিশিষ্ট "ক"**

২.০ সভাপতি উপস্থিত কমিটির সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করেন। সভাপতি ট্রাস্টের সহকারী পরিচালক (উপবৃত্তি)-কে সভার আলোচ্যসূচি উপস্থাপনের অনুরোধ জানালে তিনি সভাকে অবহিত করেন যে, ইতোপূর্বে চিকিৎসা অনুদান প্রাপ্তির ক্ষেত্রে শিক্ষার্থীদের নিকট থেকে শুধুমাত্র হার্ডকপিতে আবেদন গ্রহণ করা হতো। বিগত ২৬ জানুয়ারি ২০২২ তারিখ থেকে ই-চিকিৎসা অনুদান চালু করা হয়েছে। ই-চিকিৎসা অনুদান সফটওয়্যার (eservice.pmeat.gov.bd/medical)-লিংকে প্রবেশ করে অনলাইনে সর্বমোট ১৫ জন শিক্ষার্থী আবেদন করেছে। ই-চিকিৎসা অনুদান সফটওয়্যার এবং ডাকযোগে **২০২২-২৩ অর্থবছরের জুলাই-আগস্ট সময়কালে** সারাদেশ থেকে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ের শিক্ষার্থীদের নিকট থেকে দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদানের জন্য সর্বমোট ১৬ টি আবেদন পাওয়া গেছে। দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান নির্দেশিকা, ২০২০ এবং প্রাপ্ত আবেদনপত্রসমূহের তালিকা কমিটির সভায় উপস্থাপন করা হয়। তিনি সভাকে আরো অবহিত করেন যে, দুর্ঘটনার গুরুত্ব বিবেচনায় ১০,০০০/- থেকে ৫০,০০০/- টাকা পর্যন্ত এককালীন আর্থিক অনুদান প্রদানে এ সংক্রান্ত নির্দেশিকায় সংস্থান রাখা আছে। ২০২২-২৩ অর্থবছরে দুর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদানের জন্য এখাতে প্রয়োজনীয় পরিমাণ অর্থের সংস্থান রয়েছে।

২.১ দাখিলকৃত ১৬ টি আবেদন সভায় উপস্থিত কমিটির সদস্য সিভিল সার্জন সচিবালয় ক্লিনিক, বাংলাদেশ সচিবালয়, ঢাকা পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা-নিরীক্ষা পূর্বক মতামত ব্যক্ত করেন। তিনিসহ উপস্থিত সকলে আবেদনপত্রের সাথে সংযুক্ত মেডিকেল সার্টিফিকেটসহ অন্যান্য সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষা করে ১৬ টি আবেদনপত্রের মধ্যে দুর্ঘটনার গুরুত্ব, চিকিৎসাকালীন সময় ও সম্ভাব্য ব্যয় ইত্যাদি বিবেচনায় অনুদান হিসাবে প্রদেয় অর্থের পরিমাণ নির্ধারণে বিশেষজ্ঞ মতামত ব্যক্ত করেন।

২.২ এ প্রক্রিয়ায় **২০২২-২৩ অর্থবছরের জুলাই-আগস্ট সময়কালে** মাধ্যমিক পর্যায়ের ০২ জন এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ের ০২ জনসহ সর্বমোট ০৪ (চার) জন শিক্ষার্থীকে চিকিৎসা অনুদান প্রদানের জন্য নির্বাচন করা হয় । আবেদনকারীর পরীক্ষায় নম্বর বা গ্রেড নির্ধারিত শর্তের চেয়ে কম থাকা, প্রয়োজনীয় চিকিৎসা কাগজপত্র না থাকা এবং মেধা ও আর্থসামাজিক দিক বিবেচনা করে অবশিষ্ট আবেদনকারীদের আবেদনসমূহ চিকিৎসা অনুদান প্রদানের জন্য বিবেচনা করা সম্ভব হয়নি।

৩.০ বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :

| ক্রম. | আবেদনকারীর নাম ও অভিভাবকের নাম | শ্রেণি | শিক্ষা প্রতিষ্ঠান | চিকিৎসা অনুদানের পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | মো: শাকিল<br>পিতা: শাহজাহান সরকার | ৯ম | চরচাপলী ইসলামীয়া মাধ্যমিক বিদ্যালয়, পটুয়াখালী, কলাপাড়া | ৫০,০০০/- |
| ২. | মো: বাইজিদ<br>পিতা: মো: জাহাঙ্গির হোসেন | ১২শ | আলহাজ জালাল উদ্দীন কলেজ, পটুয়াখালী, কলাপাড়া | ৫০,০০০/- |
| ৩. | সজিব<br>পিতা: মো: মনজু মিয়া | ১১শ | আলহাজ জালাল উদ্দীন কলেজ, পটুয়াখালী, কলাপাড়া | ৫০,০০০/- |
| ৪. | মো: গোলামুর রহমান<br>পিতা: মো: গিয়াসউদ্দীন বাবুল | ১০ম | ওয়েস্ট এন্ড হাই স্কুল, আজিমপুর, ঢাকা | ৫০,০০০/- |

৪.০ আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ)
সহকারী পরিচালক (উপবৃত্তি)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
এবং
সদস্য সচিব
চিকিৎসা অনুদান যাচাই-বাছাই কমিটি

(রাজিবুল হাসান)
প্রোগ্রামার (আইসিটি)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
এবং
সদস্য
চিকিৎসা অনুদান যাচাই-বাছাই কমিটি

(শেখ মোহাম্মদ তরিকুল ইসলাম)
সংযুক্ত কর্মকর্তা
কারিগরি শিক্ষা অধিদপ্তর
সদস্য
চিকিৎসা অনুদান যাচাই-বাছাই কমিটি

(মো: আব্দুল মান্নান)
উপপরিচালক
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
সদস্য
চিকিৎসা অনুদান যাচাই-বাছাই কমিটি

(মো: ওয়াহিদুজ্জামান)
উপপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সদস্য
চিকিৎসা অনুদান যাচাই-বাছাই কমিটি

(ডা: সিরাজুম মুনিরা)
সিভিল সার্জন
বাংলাদেশ সচিবালয় ক্লিনিক
সদস্য
চিকিৎসা অনুদান যাচাই-বাছাই কমিটি

(সাইফুর রহমান খান)
উপসচিব (প্রশাসন ও সংস্থাপন)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সদস্য চিকিৎসা অনুদান যাচাই-বাছাই কমিটি

(জান্নাতুল ফেরদৌস)
উপপরিচালক (উপসচিব)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সদস্য
চিকিৎসা অনুদান যাচাই-বাছাই কমিটি

(কাজী দেলোয়ার হোসেন)
পরিচালক (যুগ্মসচিব)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সভাপতি
চিকিৎসা অনুদান যাচাই-বাছাই কমিটি।